

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 20-12-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

NEC Meeting :

উত্তর-পূর্বাঞ্চল পরিষদ (এন ই সি)-র দুদিনের বৈঠক আজ থেকে আগরতলায় শুরু হচ্ছে। রাজ্য পরিকল্পনা দপ্তরের সচিব এল টি ডারলং জানান আজ এন ই সি-র প্রি-প্লেনারি কমিটির টেকনিকাল অধিবেশন অনুষ্ঠিত হবে। আগামীকাল আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হবে এন ই সির পূর্ণাঙ্গ প্লেনারি কমিটির অধিবেশন। অধিবেশনে অংশ নিতে পরিষদের চেয়ারম্যান তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ রাজ্যে আসছেন। ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়াও রাজ্যে আসছেন। বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীগণ উপস্থিত থাকবেন। এদিকে দু'দিনব্যাপী এই বৈঠককে কেন্দ্র করে গতকাল থেকেই আগরতলায় পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া বিএসএফকে সীমান্তে নিশ্চিত নিরাপত্তা ব্যবস্থা করতেও নির্দেশ দেয়া হয়েছে।

Prashasan Gaon Ki Aur :

“প্রশাসন গাও কি ঔর” অর্থাৎ গ্রামমুখী প্রশাসন প্রচারাভিযান কর্মসূচি গোটা দেশের পাশাপাশি রাজ্যেও গতকাল থেকে শুরু হয়েছে। পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার বলেছেন, এই অভিযান চলবে ২৫ ডিসেম্বর পর্যন্ত। এই প্রচার কর্মসূচিতে প্রতিটি গ্রামীণ এলাকার বিভিন্ন সমস্যা ও সেগুলির সমাধানের দিকগুলি খতিয়ে দেখতে জনগনের দুয়ারে পৌঁছে যাবে প্রশাসন। এই কর্মসূচিতে জনগনের সমস্যার কথা লিপিবদ্ধ করে পরে সেই সমস্যাগুলি সমাধানের জন্য কাজ করবে প্রশাসন। তিনি

বলেন, ইতিমধ্যেই জনগণকে এই কর্মসূচি সম্পর্কে অবগত করতে মাইক যোগে প্রচার করা হচ্ছে।

Paddy purchase in MSP :

জিরানীয়া সরকারি খাদ্য গুদামে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল রাজ্য সরকারের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর ও খাদ্য দপ্তরের যৌথ উদ্যোগে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির সূচনা হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেন, এখন পর্যন্ত রাজ্যে ২ লক্ষ ৭৬ হাজার জন কৃষক প্রধানমন্ত্রী কৃষক সম্মাননিধি যোজনায় ১৮ কিস্তিতে ৭০ কোটি টাকা পেয়েছেন। সহায়ক মূল্যে ধান ক্রয়, কৃষি ঋণ, কৃষি যন্ত্রপাতি প্রদান, কৃষি বাজার, ভর্তুকিতে সার বীজ প্রদান ইত্যাদি বিষয়ে রাজ্য সরকারও কৃষকদের আত্মনির্ভর করার প্রয়াস চালিয়ে যাচ্ছে। তিনি বলেন বর্তমান সরকার ক্ষমতায় আসার পর এখন পর্যন্ত ৩ লক্ষ ৭২ হাজার কৃষককে ২ হাজার ২৫ কোটি টাকা কৃষি ঋণ প্রদান করা হয়েছে।

Green Highway :

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নিতিন গড়কারি বলেছেন, সবুজ মহাসড়ক নীতি-২০১৫ অনুসারে, সমস্ত জাতীয় মহাসড়কগুলি সবুজ করার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, ৬২ হাজার কিলোমিটারের বেশি জাতীয় সড়কে বৃক্ষরোপণের কাজ হাতে নেওয়া হয়েছে। গতকাল লোকসভায় শ্রী গড়কারি বলেন, সবুজ মহাসড়ক নীতির ফলে বৃক্ষরোপণ, নার্সারি উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং সংশ্লিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে উল্লেখযোগ্য সংখ্যক প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

Assembly Meeting :

ৰাজ্য বিধানসভাৰ অধ্যক্ষ তথা বিধানসভাৰ নীতি নিৰ্ধাৰণ কমিটিৰ চেয়াৰম্যান বিশ্ববন্ধু সেনেৰ পৌৰোহিতে গতকাল ত্ৰিপুরা বিধানসভাৰ আসন্ন শীতকালীন অধিবেশনকে কেন্দ্ৰ কৰে গুৰুত্বপূৰ্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিদ্যুৎ মন্ত্ৰী ৰতনলাল নাথ, পৰ্যটন মন্ত্ৰী সুশান্ত চৌধুৰী, বিৰোধী দলনেতা জিতেন্দ্ৰ চৌধুৰী, মুখ্যসচেতক কল্যাণী সাহা ৰায় প্ৰমুখ। বৈঠকে বিধানসভাৰ অধিবেশন পৰিচালনা সংক্ৰান্ত বিষয়ে আলোচনা হয়।

India on Bangladesh :

কেন্দ্ৰীয় সরকার বলেছে, বাংলাদেশ জুড়ে হিন্দু এবং অন্যান্য সংখ্যালঘুদের বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান, মন্দির এবং ধৰ্মীয় স্থানগুলিতে হামলাৰ বিষয়ে সহিংসতাৰ ঘটনাগুলি গুৰুত্বৰ সঙ্ঘে দেখা হছে । গতকাল ৰাজ্যসভায় পৰরাষ্ট্ৰ প্ৰতিমন্ত্ৰী কীৰ্তি বৰ্ধন সিং জানিয়েছেন, বাংলাদেশ সরকারকে এবিষয়ে ভারতের উদ্বেগের কথা জানানো হয়েছে। তিনি আরও জানান, এ পর্যন্ত বাংলাদেশ সরকার ৭০ জনকে গ্ৰেফতাৰ কৰেছে এবং সংখ্যালঘুদের সঙ্ঘে জড়িত সহিংসতাৰ ঘটনায় ৮৮টি মামলা নথিভুক্ত কৰা হয়েছে। তিনি বলেন, ভারতের প্ৰত্যাশা হল বাংলাদেশ সরকার হিন্দু ও অন্যান্য সংখ্যালঘুদের নিৰাপত্তা ও কল্যাণ নিশ্চিত কৰাৰ জন্য প্ৰয়োজনীয় সব ব্যবস্থা নেবে।

Sonamura PS :

সোনামুড়া থানাৰ পুলিছ গতকাল সন্ধ্যায় বেজিমাৰাৰ কাঁঠালিয়ামুড়া এলাকায় অভিযান চালিয়ে ৬০০ বোতল অবৈধ ফেন্সিডিল উদ্ধাৰ কৰেছে। থানাৰ ও.সি জয়ন্ত কুমাৰ দে জানিয়েছেন, একটি গাড়ীৰ পিছু ধাওয়া কৰে আনুমানিক বাজাৰ মূল্য ৭ লক্ষ টাকা মূল্যৰ এই নেশা সামগ্ৰী উদ্ধাৰ কৰা হয়।

Bangladeshi Detained:

খোয়াই থানার পুলিশ গোপন খবরের ভিত্তিতে গতকাল রাতে স্থানীয় একটি হোটেল থেকে রোহিঙ্গা সন্দেহে ছয় বাংলাদেশিকে গ্রেফতার করেছে। দুই শিশু-সহ এরা দিল্লি থেকে এসে খোয়াইতে অবস্থান করছিল বাংলাদেশে যাবার জন্য। সীমান্তে কঠোর নজরদারির কারণে এরা বাংলাদেশে ঢুকতে পারেনি। ধৃতদের কাছে জাল আধার কার্ড, প্যান কার্ড এবং ভোটার আই কার্ড ছিল বলে খোয়াই থানার ওসি সুবীর মালাকার জানিয়েছেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' -এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' -এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন।

Weather...

আজকের আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২৭ ডিগ্রির কাছাকাছি।
